



সমন্বিত বাজেট ও হিসাবরক্ষণ পদ্ধতি (আইবাস++)

# হিসাবরক্ষণ মডিউল

## ব্যবহার নির্দেশিকা

সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

शुद्धि

# সূচীপত্র

১	ভূমিকা.....	৭
১.১	আইবাস++ এর সংক্ষিপ্ত পরিচিতি .....	৭
১.২	আইবাস ++এ প্রবেশের নিয়ম .....	৯
১.৩	হোম স্ক্রিনের আইকন পরিচিতি .....	১২
১.৪	বেতন বিলের ক্ষেত্রে iBAS++ এর নতুন বৈশিষ্ট .....	১৩
২	মাস্টার ডাটা (Master Data):.....	১৫
২.১	Month: .....	১৬
২.১.১	Open: .....	১৬
২.২	কর্মচারীর তথ্য এন্ট্রি (Employee information entry) : .....	১৭
২.৩	কর্মচারী অনুমোদন (Employee Approval): .....	২৪
২.৪	কর্মচারী সক্রিয়করণ (Employee Activation):.....	২৫
২.৫	কর্মচারী নিষ্ক্রিয় করন (Employee Deactivation):.....	২৬
২.৬	কর্মচারী পুনঃ সক্রিয়করণ (Employee Reactivate).....	২৭
২.৭	আইবাস আইডি দিয়ে কর্মচারী অনুসন্ধান (Employee Search by iBAS ID): .....	২৮
২.৮	সরবরাহকারীর তথ্য এন্ট্রি (Supplier Information Entry).....	২৯
২.৯	সরবরাহকারী সক্রিয়করণ (Supplier activation):.....	৩১
২.১০	অবসরভোগীর তথ্য (Pensioner information): .....	৩৩
২.১১	অবসরভোগী নিষ্ক্রিয়করণ (Pensioner Deactive): .....	৩৭
২.১২	আয়ন-ব্যয়ন কর্মকর্তার তথ্য (DDO Information): .....	৩৮
৩	টোকেন .....	৪১
৩.১	বেতন বিলের জন্য টোকেন এন্ট্রি (Token Entry for Paybill – Gazetted): .....	৪১
৩.২	অন্যান্য বিলের জন্য টোকেন এন্ট্রি (Token Entry - Other).....	৪৪
৩.৩	টোকেন সংশোধন (Token Edit).....	৪৬
৩.৪	টোকেন ফেরৎ পাঠানো (Token Return).....	৪৮
৪	বিল (Bill) .....	৫১
৪.১	বিল এন্ট্রি (Bill Entry) .....	৫১
৪.২	গেজেটেড কর্মকর্তাদের বেতন বিল এন্ট্রি (Pay Bill Entry (Gazetted)).....	৫১

৪.৩ অন্যান্য বিল এন্ট্রি - Bill Entry (Others) .....	৫৪
৪.৪ পেনশন বিল এন্ট্রি (Pension Bill Entry) .....	৫৮
৪.৫ বিল অনুমোদন ও পোস্টিং (Bill Approval & Posting) .....	৬১
৫ চেক.....	৬৪
৫.১ ইন্টিমেশন এন্ট্রি (Intimation Entry) .....	৬৪
৫.২ চেক এন্ট্রি (Cheque Entry): .....	৬৫
৫.৩ চেক বই গ্রহন (Cheque Book Receive) .....	৬৬
৬ ই এফ টি ( EFT):.....	৬৭
৬.১ ইএফটি আদেশ এন্ট্রি (EFT Order Entry):.....	৬৮
৬.২ ইএফটি হস্তান্তরন (EFT Transmission):.....	৭০
৭ বুক ট্রান্সফার.....	৭১
৭.১ বুক ট্রান্সফার এন্ট্রি (Book Transfer Entry) .....	৭১
৭.২ পোস্টিং (Posting) .....	৭৬
৮ সাধারণ ভবিষ্যৎ তহবিল (GPF):.....	৮০
৮.১ সাধারণ ভবিষ্যৎ তহবিল রক্ষণাবেক্ষণ (GPF Maintenance):.....	৮০
৮.২ সাধারণ ভবিষ্যৎ তহবিলের প্রারম্ভিক ব্যাল্যান্স (GPF Opening Balance):.....	৮১
৮.৩ সাধারণ ভবিষ্যৎ তহবিলের চাঁদা (Subscription Configuration):.....	৮২
৮.৪ সাধারণ ভবিষ্যৎ তহবিলের অগ্রিম মঞ্জুরি (GPF Advance Sanction):.....	৮৩
৮.৫ সাধারণ ভবিষ্যৎ তহবিলের অগ্রিম পরিশোধ (GPF Advance Payment): .....	৮৫
৮.৬ সাধারণ ভবিষ্যৎ তহবিলের অবশিষ্ট শেষ অর্থ প্রদানের বিল এন্ট্রি (GPF Final Payment): .....	৮৮
৮.৭ চালানের মাধ্যমে GPF এর টাকা জমা দেওয়া (GPF Deposited By Challan):.....	৯২
৯ ঋণ ও অগ্রিম (Loans & Advances) .....	৯৩
৯.১ ঋণ ও অগ্রিম মঞ্জুরী (Loans & Advances Sanction).....	৯৩
৯.২ ঋণ ও অগ্রিম অনুমোদন (Loans & Advances Approval) .....	৯৭
৯.৩ ঋণ ও অগ্রিম বিল এন্ট্রি - (Loans & Advance Bill Entry).....	১০০
১০ সংশোধনি (Correction Journal) .....	১০৩
১০.১ বিল সংশোধনি (Bill Journal).....	১০৩
১০.২ বিল সংশোধনি পোস্টিং (Bill Journal Posting).....	১০৫
১০.৩ সমন্বিত সংশোধনি (Consolidated Correction Journal) .....	১০৭

১১	ডেবিট স্ক্রল ( Debit Scroll ) : .....	১০৯
১১.১	ডেবিট স্ক্রল ইম্পোর্ট ( Debit Scroll Import): .....	১১০
১২	ক্রেডিট স্ক্রল ( Credit Scroll ) :.....	১১২
১২.১	ক্রেডিট স্ক্রল এন্ট্রি ( Credit Scroll Entry ) : .....	১১৩
১২.২	ক্রেডিট স্ক্রল অনুমোদন ( Credit Scroll Approval) .....	১১৪
১২.৩	ক্রেডিট স্ক্রল ইম্পোর্ট (Credit Scroll Import) :.....	১১৫
১২.৪	চালান সংশোধন ( Edit Challan).....	১১৭
১২.৫	আপলোড চালান ( Upload Challan) .....	১১৮
১৩	রিপোর্ট :.....	১২০
১৩.১	References: .....	১২০
১৩.১.১	Cheque Intimation Report:.....	১২১
১৩.১.২	List of Suppliers: .....	১২২
১৩.১.৩	List of Payee Bank Accounts:.....	১২৩
১৩.২	Transaction Report:.....	১২৫
১৩.২.১	Challan:.....	১২৫
১৩.২.২	বিল (Bill).....	১২৭
১৩.৩	Registers এর রিপোর্টসমূহ:.....	১৩৬
১৩.৩.১	Register 01- Register of Cash Flow (Receipt): .....	১৩৬
১৩.৩.২	Register 01- Register of Cash Flow (Payment):.....	১৩৭
১৩.৩.৩	Register 02- Register of Summarised Bank Receipt:.....	১৩৮
১৩.৩.৪	Register 03- Register of Summarised Bank Payment:.....	১৩৯
১৩.৩.৫	Register 04- Register of Payments and Recoveries:.....	১৪০
১৩.৩.৬	Register 05-Register of Consolidation of Deduction and Recoveries: .....	১৪২
১৩.৩.৭	Register 06- Register of Book Adjustment: .....	১৪৩
১৩.৩.৮	Register 10- Register of Remittance & Exchange Accounts (Receipts): ..	১৪৫
১৩.৩.৯	Register 11 - Register of Remittance & Exchange Accounts (Payments): .....	১৪৬
১৩.৩.১০	Register 15- Register of Cheque Delivery - cum - Advice: .....	১৪৭
১৩.৩.১১	Register 16- Register of Pre-Audit Cheque Reconciliation:.....	১৪৮
১৩.৩.১২	Register 17- Register of Outstanding Cheques:.....	১৪৯

১৩.৩.১৩	Bank Advice (Cheque): .....	১৫১
১৩.৩.১৪	Bank Advice (EFT): .....	১৫৩
১৩.৪	সাধারণ খতিয়ান (GL Reports): .....	১৫৫
১৩.৪.১	Budget Control Register: .....	১৫৫
১৩.৫	ভবিষ্যৎ তহবিল রিপোর্ট (GPF Reports): .....	১৫৬
১৩.৬	ঋণ ও অগ্রিমের সাব-লেজার (Loans and Advances Sub-Ledger):.....	১৫৮
১৩.৭	Consolidation Reports: .....	১৫৯
১৩.৭.১	সিভিল অডিট বিন্যাস রিপোর্ট (Civil Audit Format Report): .....	১৫৯
১৩.৭.২	সিডিউলের বিস্তারিত বিবরণ (Detail Schedule Report):.....	১৬১
১৩.৭.৩	সোর্স রিপোর্ট (Source Report): .....	১৬৩
১৩.৭.৪	প্রাপ্তি/ব্যয় সারসংক্ষেপ (Receipt / Payment Summary):.....	১৬৪
১৩.৮	Employee Reports: .....	১৬৫
১৩.৮.১	কর্মচারীর বেতন কাঠামো (Employee Pay Structure): .....	১৬৫
১৩.৮.২	সরকারি কর্মচারীর তথ্য (Government Employee Information):.....	১৬৭
১৩.৮.৩	কর্মচারীদের পারিতোষিক সংক্ষিপ্তসার (Employee Payment Structure): .....	১৬৯
১৩.৮.৪	কর্মচারী বেতন কাঠামো (বিস্তারিত) (Employee Pay Structure (Detail)): .....	১৭১
১৩.৮.৫	কর্মচারীগণের তালিকা (List of Employee): .....	১৭৩
১৩.৯	Pension Reports:.....	১৭৪
১৩.৯.১	অপরিশোধিত পেনশনভোগীর তালিকা (Unpaid Pensioner List): .....	১৭৫
১৩.৯.২	পেনশনভোগীর তালিকা (Pensioner List ) :.....	১৭৬
১৩.৯.৩	মাসিক পরিশোধিত পেনশনভোগীর তালিকা ( Pensioners Paid for a Month ):.....	১৭৭

# ১ ভূমিকা

## ১.১ আইবাস++ এর সংক্ষিপ্ত পরিচিতি

আইবাস++ (Integrated Budget and Accounting System) হচ্ছে বাংলাদেশ সরকারের সমন্বিত বাজেট এবং হিসাবরক্ষণ ব্যবস্থা। এটি একটি ইন্টারনেট-ভিত্তিক সফটওয়্যার, যার মাধ্যমে সরকারের বাজেট প্রণয়ন, বরাদ্দ বিভাজন, অর্থ অবমুক্তি, বাজেট পুনঃ উপযোজন, অনলাইনে বিল দাখিল এবং তার বিপরীতে চেক বা ইএফটির মাধ্যমে অর্থ প্রদান, রাজস্ব জমার হিসাবরক্ষণ, স্বয়ংক্রিয় ব্যাংক হিসাব সমন্বয় – ইত্যাদি আর্থিক কর্মকান্ড সম্পন্ন করা যায়।

আইবাস++ এর চারটি প্রধান মডিউল রয়েছে:

### ক. বাজেট প্রণয়ন :

আইবাস++ এর মাধ্যমে দুটি প্রক্রিয়ায় বাজেট প্রণয়ন করা যায় - মাঠ পর্যায়ের দপ্তরগুলো থেকে এন্ট্রি করার মাধ্যমে বিভিন্ন অধিদপ্তর পরবর্তী বছরে তাদের পৌনঃপুনিক বাজেটের প্রয়োজন নির্ধারণ করার পর তা মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্য ও অগ্রাধিকার খাত বিবেচনার ভিত্তিতে নির্ধারিত সম্ভাব্য ব্যয়সীমার সাথে সম্মিলন ঘটিয়ে বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রস্তুত করা যায়। এই মডিউল ব্যবহার করে মাঠ পর্যায়ের দপ্তর, অধিদপ্তর ও মন্ত্রণালয় ধাপে ধাপে বাজেট প্রণয়ন করে অনলাইনে অর্থ বিভাগে দাখিল করতে পারে, যা অর্থ বিভাগ প্রয়োজনীয় পরিমার্জন শেষে সংসদে অনুমোদনের জন্য উপস্থাপন করে থাকে। আইবাস++ থেকেই এ সংক্রান্ত যাবতীয় দলিল, প্রতিবেদন ও বিশ্লেষণ তৈরী করা হয়ে থাকে।

Forward Based Estimation পদ্ধতির মাধ্যমে বাজেট প্রণয়নের সুবিধাও আইবাস++ এ অচিরেই যুক্ত করা হবে।

### খ. জেনারেল লেজার :

জেনারেল লেজার মডিউলটি হচ্ছে আইবাস++ এর কেন্দ্রীয় নিয়ন্ত্রণ বিন্দু - যা পর্দার অন্তরালে থেকে সরকারের আর্থিক ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ নিয়ন্ত্রক হিসেবে কাজ করে। বাজেট অনুমোদনের পর তা এই মডিউলের ‘বাজেট উপযোজন’ সাব-মডিউলের মাধ্যমে লোড করা হয়। এরপর আইবাস++ এ যত লেনদেন ঘটে থাকে, তা সে বরাদ্দ বিভাজন হোক বা অর্থ ব্যয় হোক, সকল কিছুই জেনারেল লেজারে অন্তর্ভুক্ত হয় এবং সংশ্লিষ্ট শ্রেণিবিন্যাস কোডের বিপরীতে স্থিতি হালনাগাদ করা হয়। এই মডিউলের মাধ্যমে প্রতিটি হিসাব কোডের বিপরীতে সরকারের আয়-ব্যয়ের সর্বশেষ হিসাব যেমন তাৎক্ষণিক পাওয়া যাবে, তেমনি সরকারের আর্থিক সম্পদ ও দায় এবং সংশ্লিষ্ট অর্থ প্রবাহের একটি পূর্ণাঙ্গ চিত্র পাওয়া যাবে।

### গ. বাজেট বাস্তবায়ন:

বাজেট বাস্তবায়ন মডিউলের মাধ্যমে সংসদ কর্তৃক অনুমোদিত বাজেট প্রথমে জেনারেল লেজারে লোড করা হয়, যার ফলে বরাদ্দ বিভাজন, অর্থ অবমুক্তি, ক্রয়াদেশ প্রদান এবং ব্যয়ের ক্ষেত্রে অনুমোদিত বাজেটের নিয়ন্ত্রণ রক্ষা করা যায়। বাজেট বাস্তবায়ন মডিউলের মাধ্যমে নিম্নোক্ত কাজগুলি সম্পন্ন করা যায়:

#### বরাদ্দ বিভাজন :

বাংলাদেশ সরকারের বাজেট প্রণীত হয় জাতীয় পর্যায়ে, অর্থাৎ কোন একটি দপ্তরের সারা দেশব্যাপী সকল অফিসের কোন একটি খাতের জন্য একটি মাত্র সংখ্যা নির্ধারণ করা হয়ে থাকে। যেমন, বাজেটে বলা থাকে সারা দেশের সকল উপজেলা কৃষি কার্যালয়ের ভ্রমণ ভাতার জন্য বরাদ্দ কত। কিন্তু এই অর্থ ব্যয়ের পূর্বে অবশ্যই প্রতিটি উপজেলা কৃষি কার্যালয়ের ভ্রমণ ভাতা বাবদ পৃথক বরাদ্দ নির্ধারণ করে দিতে হয়। এই প্রক্রিয়াটি বরাদ্দ বিভাজন নামে পরিচিত। আইবাস++ এর বরাদ্দ বিভাজন মডিউলের মাধ্যমে সুষ্ঠুরূপে বরাদ্দ বিভাজন করা যায়। বাজেটের অতিরিক্ত বরাদ্দ দেয়া বা বরাদ্দের অতিরিক্ত ব্যয় সফটওয়্যারটির মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে নিয়ন্ত্রিত হয়ে থাকে। তাছাড়া বাজেট বনাম বরাদ্দ বনাম ব্যয়ের বিভিন্ন প্রয়োজনীয় বিশ্লেষণ সফটওয়্যারটি সরবরাহ করতে সক্ষম।

#### অর্থ অবমুক্তি :

নগদ ব্যবস্থাপনা (Cash Management) - এর অংশ হিসেবে উন্নয়ন প্রকল্প ও কর্মসূচির ক্ষেত্রে ত্রৈমাসিক ভিত্তিতে অর্থ অবমুক্ত করার পর ব্যয় করা হয়। আইবাস++ এ এই কাজটি সুষ্ঠুভাবে করার ব্যবস্থা রয়েছে যার ফলে একদিকে যেমন বাজেটের অতিরিক্ত অবমুক্তি এবং অবমুক্তির অতিরিক্ত ব্যয় নিবারণ করা যায়, তেমনি এ সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিশ্লেষণ তৈরী করা যায়, যা নগদ ব্যবস্থাপনায় মূল্যবান ভূমিকা পালন করে।

#### পুনঃউপযোজন :

সারা বছর ধরে প্রয়োজনের নিরিখে প্রশাসনিক মন্ত্রণালয় বা অর্থ বিভাগ কর্তৃক পুনঃউপযোজনের প্রয়োজন হয়ে থাকে। বাজেট বাস্তবায়ন মডিউলের মাধ্যমে এই কাজটি সুচারুরূপে সম্পন্ন করা যায়।

## ঘ. হিসাবরক্ষণ :

এই মডিউলের মাধ্যমে ডিডিওগণ কর্তৃক অনলাইনে ক্রয়াদেশ ও বিল দাখিল থেকে শুরু করে বিল নিরীক্ষণ এবং অনুমোদনের প্রতিটি ধাপ, গ্রহীতাকে চেক বা ইএফটি প্রদান, ব্যাংকে ইলেকট্রনিক অ্যাডভাইস প্রেরণ, ব্যাংক থেকে প্রেরিত ইলেকট্রনিক ডেবিট ও ক্রেডিট স্ক্রল সিস্টেমে আপলোডের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে ব্যাংক হিসাব সমন্বয় – ইত্যাদি কর্মকান্ড সম্পন্ন হবে। জেনারেল লেজার দ্বারা নিয়ন্ত্রিত থাকার ফলে এই মডিউল প্রযোজ্য ক্ষেত্রে বাজেট যাচাই করবে এবং বরাদ্দের অতিরিক্ত খরচ রোধ করবে।

আইবাস++ এ থাকবে কর্মচারীদের ডাটাবেজ, যার ভিত্তিতে বেতন বিল স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হবে এবং কর্মকর্তা ও ডিডিওগণ তা অনলাইনে দাখিল করতে পারবেন। ভ্রমণ ভাতা বিলসহ অন্যান্য বিলও অনলাইনে দাখিল করা যাবে। স্ব স্ব বিল অনুমোদন এবং চেক বা ইএফটি প্রদানের প্রতিটি পর্যায় ডিডিওগণ অনলাইনে দেখতে পারবেন। এ ছাড়া পেনশনভোগীদের একটি ডাটাবেজও সিস্টেমে থাকবে যার ফলে স্বয়ংক্রিয়ভাবে ইএফটির মাধ্যমে পেনশন প্রদান সম্ভব হবে। আইবাস++ এ সরবরাহকারীদের ডাটাবেজ সংরক্ষণ করা হবে, যার ভিত্তিতে তাদেরকেও ইএফটির আওতায় আনা সম্ভব হবে।

আইবাস++ সিস্টেমটি শুধু যে বর্তমান এবং প্রস্তাবিত নতুন শ্রেণিবিস্যাস পদ্ধতির উপযোগী, তাই নয়, বরং পরবর্তীতে শ্রেণিবিস্যাস পদ্ধতিতে কোন পরিবর্তন হলে তার সাথেও খাপ খাওয়াতে পারবে। তাছাড়া সিস্টেমটি Self Accounting Entity – SAE তে চালানোর উপযোগী।

বাজেট প্রণয়নের ক্ষেত্রে বাজেট পরিপত্র – ১ খাপটি কিভাবে iBAS++ ব্যবহার করে সম্পন্ন করা যাবে, এই ব্যবহার নির্দেশিকাতে উহা বিস্তারিত বর্ণনা করা হয়েছে।

## ১.২ আইবাস ++এ প্রবেশের নিয়ম

আইবাস++ একটি ইন্টারনেট-ভিত্তিক সফটওয়্যার হওয়ার কারণে এটিতে প্রবেশ করতে হলে আপনাকে কোন একটি ইন্টারনেট ব্রাউজার, যেমন  Internet Explorer,  Google Chrome অথবা  Mozilla Firefox ইত্যাদি ব্যবহার করতে হবে। এ জন্য আপনার ডেস্কটপে উক্ত ইন্টারনেট ব্রাউজারের আইকনে ক্লিক করে তাতে প্রবেশ করতে হবে। তবে এই ক্ষেত্রে Mozilla firefox Browser টি ব্যবহার করা ভালো।

ইন্টারনেট ব্রাউজারের Address বারে ক্লিক করে আইবাস++ এর ঠিকানা (**ibas.finance.gov.bd**) লিখুন। আপনার User Name ও Password অর্থ বিভাগের FSMU (Financial System Management Unit) (ফোন নম্বর- ০২-৯৫৬৯৪১৯) থেকে সংগ্রহ করতে হবে।

উপর্যুক্ত নিয়মে Address বারে ক্লিক করে আইবাস++ এর ঠিকানা টাইপ করে কি-বোর্ড এর Enter কি তে চাপ দিলে নিম্নে প্রদর্শিত Login স্ক্রিন দেখতে পাবেন।

The image shows a screenshot of the iBAS++ login interface. At the top, there is a logo of Bangladesh and the text 'INTEGRATED BUDGET AND ACCOUNTING SYSTEM'. Below this, the heading 'Login to iBAS++' is displayed. The login form consists of three main input fields: 'Login ID', 'Password', and a Captcha field. The Captcha field contains the number '80408'. There are also links for 'Try another' and 'Forgot Password?'. A 'Login' button is located below the Captcha field. At the bottom, there is a checkbox labeled 'Login as Guest'. Three labels with lines pointing to the respective fields are: 'Login ID' pointing to the first input field, 'Password' pointing to the second input field, and 'Captcha' pointing to the third input field.

**Login ID:** এই ঘরে আপনার লগইন আই ডি টাইপ করুন।


**Password:** এই ঘরে আপনার পাসওয়ার্ড টাইপ করুন। পাসওয়ার্ড টাইপ করলে আপনি \*\*\*\*\* এই ষ্টার চিহ্ন দেখতে পাবেন।

**সতর্কবাণীঃ** আপনার পাসওয়ার্ডের গোপনীয়তা রক্ষা করার ব্যাপারে আপনাকে সতর্কতা অবলম্বন করতে হবে। আপনার ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে অন্য কেউ ডাটা সংযোজন বা মুছে ফেললে তার দায়দায়িত্ব আপনাকেই নিতে হবে, কারণ আইবাস++ এ স্বয়ংক্রিয়ভাবে সকল কার্যক্রমের রেকর্ড সংরক্ষন করা হয়।

**Captcha:** এই ঘরে অবস্থিত অংক/নম্বর গুলো হলো Captcha নম্বর যাহা উপরের Please type the numbers displayed below লেখা ঘরে এন্ট্রি করতে হবে। যদি Captcha নম্বরগুলো দুর্বোধ্য বা অস্পষ্ট হয় তাহলে Try another এ ক্লিক করে আরেকটি নতুন Captcha নম্বর আনতে পারবেন। কোন হ্যাকিং প্রোগ্রাম ব্যবহার করে যাতে স্বয়ংক্রিয়ভাবে আইবাস++ এ কেউ না ঢুকতে পার, সেজন্য Captcha ব্যবহার করা হয়েছে।

**Login:** Login স্ক্রিনের সমস্ত তথ্য এন্ট্রি করার পর পরবর্তি ধাপে যাওয়ার জন্য  (লগইন) বাটনে ক্লিক করুন।

**জেনে রাখা ভালো:** Login ID, Password, Captcha তথ্য/নম্বরগুলো সঠিক না হলে User authentication Failed সম্বলিত নিম্নরূপ একটি ম্যাসেজ বক্স আসবে।




উপরোক্ত চিত্রটি আসার পর OK () বাটনে ক্লিক করে পুনরায় তথ্যগুলো সঠিক ভাবে এন্ট্রি করুন।

**Forgot Password?** কোন কারণে Password ভুলে গেলে Forgot Password এ ক্লিক করুন এবং প্রয়োজনীয় তথ্য প্রদান করে Password পুনরুদ্ধার করুন।

**Login as Guset:** শর্ত সাপেক্ষে Guest ইউজার হিসাবেও iBAS++ সিস্টেমে প্রবেশ করা যাবে।


**Login** স্ক্রিন এ তথ্য সঠিকভাবে এন্ট্রি করার পর হোম স্ক্রিনটি আসবে, যেখান থেকে আপনি প্রয়োজনীয় কাজগুলি সম্পন্ন করতে পারবেন।




### ১.৩ হোম স্ক্রিনের আইকন পরিচিতি

(ক)  **Refresh:** আপনি যে স্ক্রিন এ কাজ করছেন, Refresh বাটনে click করলে সেই স্ক্রিনটি পুনরায় লোড হবে।

(খ)  **Help:** Help বাটনে ক্লিক করলে নিম্নরূপ সাবমেনু আসবে, যা থেকে iBAS++ সম্পর্কিত সকল সহায়তা পাওয়া যাবে।



(গ) : এখানে আপনার ছবি (যদি আপলোড করা থাকে) ও লগইন আইডি দেখা যাবে।

### Change Password:

পাসওয়ার্ড পরিবর্তনের জন্য Change Password অপশনে ক্লিক করলে নিম্নরূপ স্ক্রিন প্রদর্শিত হবে।

### Change Password

User Name : CAO Finance AAO  
Login : cao\_finance\_aao

Existing Password [\*]:

New Password [\*]:

Password strength: Minimum length 6 chars

Confirm New Password [\*]:

Existing Password: এই ঘরে পুরাতন পাসওয়ার্ডটি এন্ট্রি করুন।

New Password: নতুন পাসওয়ার্ডটি এন্ট্রি করুন। মনে রাখবেন পাসওয়ার্ডটির সর্বনিম্ন লেংথ ৬ কারেক্টের হতে হবে।

Confirm New Password: পুনরায় নতুন পাসওয়ার্ডটি এন্ট্রি করুন।

“Change Password” বাটনে ক্লিক করলে পাসওয়ার্ড পরিবর্তনের একটি নিশ্চিত ম্যাসেজ পাবেন।

Subsystems মেনু হতে বের হতে Close বাটনে ক্লিক করতে হবে।

(ঘ)  **Logout:** এই বাটনটিতে ক্লিক করে ইউজার **iBAS++ System** হতে স্থায়ীভাবে বের হওয়া যাবে।

(ঙ)  **Icon:** এই বাটনে ক্লিক করলে বাম পাশের মেনুবারটি লুকায়িত হয়ে স্ক্রিনের আয়তন বৃদ্ধি পাবে। পুনরায় ক্লিক করলে মেনুবারটি আবার প্রকাশিত হবে।

## ১.৪ বেতন বিলের ক্ষেত্রে iBAS++ এর নতুন বৈশিষ্ট

iBAS++ এ বেতন বিল প্রস্তুত ও প্রদানের ক্ষেত্রে যে নতুন বিষয় গুলো যুক্ত হয়েছে, সেই বিষয়ে iBAS++ ব্যবহারকারীর সুবিধার্থে একটু আলোকপাত করা প্রয়োজন।

iBAS++ কর্মকর্তার বেতন বিল (ভবিষ্যতে কর্মচারীরও) স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হবে। কিন্তু সেই স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুতির জন্য প্রতিটি কর্মকর্তার জন্য কিছু তথ্য অন্তর্ভুক্ত করা আবশ্যিক। সেই তথ্য প্রদানের পর্যায়গুলো ক্রমান্বয়ে নিম্নে বর্ণনা করা হলো।

প্রথমত - Employee Information Entry স্ক্রিন ব্যবহার করে কর্মকর্তার প্রয়জনীয় যাবতীয় তথ্য সংযুক্ত করতে হবে। এরমধ্যে কর্মকর্তার সাধারণ তথ্য এর সাথে তাঁর মূল বেতন (যা বেতন নির্ধারণ ডাটাবেস থেকে আসবে), ভাতাদি, অন্যান্য কর্তন (ভবিষ্যৎ তহবিল ও ঋণ ও অগ্রিম ব্যতীত) থাকতে হবে। কর্মকর্তার ব্যাংক একাউন্ট সম্পর্কে প্রয়জনীয় তথ্য অন্তর্ভুক্ত করতে হবে। কর্মকর্তার বেতন ইএফটির মাধ্যমে দেওয়া হলে, এটা আবশ্যিক।

মেনু – Master Data>Employee Information Entry

কর্মকর্তার প্রয়জনীয় যাবতীয় তথ্য সংযুক্ত করার পর সেই কর্মকর্তাকে Approve করতে হবে

মেনু – Master Data>Employee Approval

কর্মকর্তাকে Approve করার পর Activate করতে হবে। একবার Activate করলে তাঁর তথ্য আর পরিবর্তন করা যাবে না। পরিবর্তন করতে হলে তাঁকে আবার Deactivate করে আসতে হবে।

মেনু – Master Data>Employee Activation

Master Data>Employee Deactivation

Master Data>Employee Reactivation

দ্বিতীয়ত - ভবিষ্যৎ তহবিল সংক্রান্ত যাবতীয় তথ্য অন্তর্ভুক্ত করতে হবে। এরমধ্যে মাসিক চাঁদা আলাদা ভাবে অন্তর্ভুক্ত করতে হবে।

মেনু – Accounting Transaction>GPF Subscription Configuration

কর্মকর্তা ভবিষ্যৎ তহবিল থেকে কোন ঋণ গ্রহন করে থাকলে তার তথ্যাদি (মোট ঋণ গ্রহন, কিস্তির সংখ্যা ও পরিমাণ) আলাদা ভাবে অন্তর্ভুক্ত করতে হবে।

মেনু – Accounting Transaction>GPF Advance Sanction

Accounting Transaction>GPF Advance Approval

তৃতীয়ত – কর্মকর্তা/কর্মচারীর ঋণ ও অগ্রিম সুবিধা থেকে কোন ঋণ গ্রহন করলে, তার বিবরণ (মোট ঋণ গ্রহন, কিস্তির সংখ্যা ও পরিমাণ) অন্তর্ভুক্ত করতে হবে।

মেনু – Accounting Transaction>Loans & Advances Sanction

Accounting Transaction>Loans & Advances Approval

চতুর্থত – এই তথ্যগুলো সঠিক ভাবে অন্তর্ভুক্ত হলে কর্মকর্তার বেতন কাঠামো অনুমোদন করতে হবে।

মেনু – Accounting Transaction>Employee Pay Structure Approval

এই তথ্যগুলো সঠিক ভাবে অন্তর্ভুক্ত হলে কর্মকর্তার বেতন বিল স্বয়ংক্রিয় ভাবে প্রস্তুত হবে।


এখানে উল্লেখ্য যে, আইবাস থেকে কর্মকর্তাদের প্রায় সকল তথ্য স্থানান্তর করা হবে। হিসাব রক্ষন অফিসকে মিলিয়ে দেখতে হবে, যে সকল তথ্য সঠিকভাবে স্থানান্তরিত হয়েছে কিনা। না হলে পূর্বে বর্ণিত উপায়ে পরিবর্তন করতে হলে তাঁকে আবার Employee Deactivate করে, প্রয়জনীয় সংশোধন করে আবার Employee Reactivation করতে হবে।

কর্মকর্তাদের বেতন কাঠামোতে পরিবর্তন আসলে বা ভবিষ্যৎ তহবিলের চাঁদার কোন পরিবর্তন হলে একই পন্থা অবলম্বন করতে হবে।

## ২ মাস্টার ডাটা (Master Data):

মাস্টার ডাটাতে সেই সব তথ্য থাকে, যেগুলো মোটামুটি অপরিবর্তনীয় থাকে (হলেও কদাচিৎ বা বছরের নির্দিষ্ট সময়ে হয়ে থাকে) এবং যেই তথ্যের উপর ভিত্তি করে লেনদেনের তথ্য নির্ধারিত হয়। যেমন কর্মকর্তার তথ্য, তার মূল বেতন, ভাতাদি, কর্তন ইত্যাদি। যা মোটামুটি অপরিবর্তিত থাকে প্রতি মাসে, এবং প্রতি মাসের কর্মকর্তার বেতনের বিলের লেনদেনের তথ্য সেই সব তথ্য থেকে স্বয়ংক্রিয় ভাবে তৈরী হয়। আবার সরবরাহকারীর বিলের জন্য সরবরাহকারীর তথ্য আবশ্যিক। যা মাস্টার ডাটাতে থাকে। এ ছাড়া বছর, মাস, পেনশনারের তথ্য, বিভিন্ন অধ্যকে আবার সক্রিয় বা নিষ্ক্রিয় করার স্ক্রিন গুলোও এই মেন্যতে পাওয়া যাবে।

Master Data মেনুর সাব মেনুর কাজ সমূহ নিম্নে প্রদর্শিত হলো (চিত্র: ১)



চিত্র : ১ Master Data মেনু

## ২.১ Month:

### ২.১.১ Open:

এ স্ক্রীনের মাধ্যমে আর্থিক বছরের নতুন একটি মাস খোলা হয়। এ ক্ষেত্রে নিম্নের ধাপগুলো অনুসরণ করা হয় (চিত্র : ১)।

**Open**

Pay Point **9.Chief Accounts Office, Ministry of Labour and Employment**


Fiscal Year [\*]: 2015-16

Month [\*]: 08-February 2016

Fiscal Period Name	Status
01-July 2015	Open
04-October 2015	Open
05-November 2015	Open
06-December 2015	Open
07-January 2016	Open
08-February 2016	Open

চিত্র : ১

- Pay Point: আপনি যে হিসাবরক্ষণ অফিসের ব্যবহারকারী, এই ঘরে তা স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে।
- Fiscal Year: এখানে Fiscal Year নির্বাচন করতে হবে।
- Month: এখানে যে মাস খোলা হবে সেই মাস নির্বাচন করতে হবে।
- এরপর open বাটনে ক্লিক করলে একটি নিম্নের স্ক্রীনের ন্যায় “ Information Saved Successfully” ম্যাসেজ আসবে তারপর Ok“ বাটনে ক্লিক করলে নতুন মাস খোলা হয়ে যাবে।



## ২.২ কর্মচারীর তথ্য এন্ট্রি (Employee information entry) :

এই স্ক্রিনের মাধ্যমে একজন কর্মচারীর সমস্ত প্রকার তথ্য সিস্টেমে অন্তর্ভুক্ত করা হয়। এ ক্ষেত্রে নিম্নের ধাপ অনুসরণ করা হয় (চিত্র : ১)।

### Employee Information Entry

**- Employee Basic Data**

Attached Pay Point [\*]: **Chief Accounts Office, Ministry of Labour and Employment**

National ID [\*]:

TIN :

Name of the Employee (English) [\*]:

Name of the Employee (Bangla) [\*]:

Designation [\*]:

Organisation [\*]:

Organisation Name:

Post [\*]:

Joining Date [\*]:

Pay Scale [\*]:

GPF Subscription :

Active :

**+ Banking Information**

**+ Personal Information**

**+ Employee Emoluments**

**+ Employees Other Deduction (Except GPF & Loans)**

**+ Photo**

**+ Signature**

চিত্র : ১

এই স্ক্রিনের ৬ টি আংশ থাকে :

১. Employee Basic Data
২. Banking Information
৩. Personal Information
৪. Employee Emoluments
৫. Employees Other Deduction (Except GPF & Loans)
৬. Photo

## ১. Employee basic data:

এখানে একজন কর্মচারীর সকল প্রকার মূল তথ্য এন্ট্রি করা হয়।

- **Attached Pay Point:** যে হিসাবরক্ষণ অফিসের ব্যবহারকারী, এই ঘরে তা স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে।
- **National ID:** এখানে একজন কর্মচারীর NID/জাতীয় পরিচয় পত্র নম্বর টাইপ করে “Go” বাটনে ক্লিক করতে হবে। “Go” বাটনে ক্লিক করলে অন্যান্য অপশনগুলো সক্রিয় হবে।
- **TIN :** এখানে একজন কর্মচারীর TIN/ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর টাইপ করতে হবে।
- **Name of the employee (English):** এখানে কর্মচারীর নাম ইংরেজিতে লিখতে হবে।
- **Name of the employee (bangla):** এখানে কর্মচারীর নাম বাংলায় লিখতে হবে।
- **Designation:** কর্মচারীর পদমর্যাদা নির্বাচন করতে হবে।
- **Organisation:** এখানে কর্মচারী যে প্রতিষ্ঠানের অধিনে কাজ করে তার কোড লিখে “Go” বাটনে ক্লিক করতে হবে।
- **Organisation name:** “Go” বাটনে ক্লিক করলে স্বয়ংক্রিয়ভাবে প্রতিষ্ঠানের নাম চলে আসবে।
- **Post:** এখানে কর্মচারীর পদ নির্বাচন করতে হবে।
- **Joining date:** এখানে কর্মচারীর যোগদানের তারিখ লিখতে হবে।
- **Pay scale :** এখানে কর্মচারীর বেতন কাঠামো নির্বাচন করতে হবে।
- **GPF subscription:** কর্মচারী যদি ভবিষ্যৎ তহবিলের চাঁদা প্রদান করতে চায় তাহলে এই চেক বক্স টিক মার্ক করে দিতে হবে।
- **Active:** কর্মচারীকে সক্রিয় করার জন্য এখানে চেক বক্সটি টিক চিহ্ন দিতে হবে।

## ২. Banking Information:

Employee basic data entry করার পর ব্যবহারকারীকে Employee banking information entry করতে হবে। (+) banking information এ ক্লিক করলে নিম্নের স্ক্রীন আসবে। এখানে উল্লেখ্য যে (+) চিহ্ন টি থকা মানে সেখানে ক্লিক করলে কিছু অপ্রদর্শিত তথ্য প্রদর্শিত হবে এবং (+) চিহ্ন টি (-) চিহ্নে পরিবর্তিত হবে। আর (-) তে ক্লিক করলে, নিম্নের প্রদর্শিত তথ্য অপ্রদর্শিত হয়ে যাবে।

- **Bank account name:** এখানে ব্যাংকের অ্যাকাউন্ট এ কর্মচারীর যে নাম দেওয়া আছে, ঠিক সেই নামই লিখতে হবে।
- **Bank account number:** কর্মচারীর ব্যাংকের হিসাব নাম্বার লিখতে হবে।

- **Bank account type:** এখানে কর্মচারীর ব্যাংক হিসাবের ধরন নির্বাচন করতে হবে।
- **Bank name:** এখানে কর্মচারীর ব্যাংকের নাম নির্বাচন করতে হবে।

### Employee Information Entry

#### + Employee Basic Data

#### - Banking Information

Bank Account Name [\*]: A B M SIRAJUL HAQ

Bank Account Number [\*]: 20503320200052003

Bank Account Type [\*]: Select Bank Account Type

Bank Name [\*]: ISLAMI BANK BANGLADESH LTD.

Branch Name [\*]: MOGHBAZAR

Routing No:

#### + Personal Information

#### + Employee Emoluments

- Branch name: এখানে ব্যাংকের শাখার নাম নির্বাচন করতে হবে।
- Routing No: এখানে Routing No স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে।

### ৩. Personal Information:

Banking information entry করার পর ব্যবহারকারীকে কর্মচারীর ব্যক্তিগত তথ্য সংযোজন করতে হবে। (+) personal information এ ক্লিক করলে নিম্নের স্ক্রীন আসবে। এখানে উল্লেখ্য যে (+) চিহ্ন টি থকা মানে সেখানে ক্লিক করলে কিছু অপ্রদর্শিত তথ্য প্রদর্শিত হবে এবং (+)চিহ্ন টি (-) চিহ্নে পরিবর্তিত হবে। আর (-) তে ক্লিক করলে, নিম্নের প্রদর্শিত তথ্য অপ্রদর্শিত হয়ে যাবে।

## Employee Information Entry

### + Employee Basic Data

### + Banking Information

### - Personal Information

Gender [\*]:  Male  Female

Freedom Fighter :

Date of Birth [\*]:

Religion [\*]:

Email [\*]:

Office Phone :

Cell :

Class [\*]:

### + Employee Emoluments

- Gender: এখানে কর্মচারীর লিংগ নির্বাচন করতে হবে।
- Freedom fighter: মুক্তিযোদ্ধা হলে এই চেক বক্স এ টিক চিহ্ন দিতে হবে।
- Date of birth: এখানে কর্মচারীর জন্ম তারিখ লিখতে হবে।
- Religion: এখানে কর্মচারী যে ধর্মের আনুসারি সেই ধর্ম নির্বাচন করতে হবে।
- Email: এখানে কর্মচারীর E-mail address লিখতে হবে।
- Office phone: এখানে কর্মচারীর অফিসের ফোন নাম্বার লিখতে হবে।
- Cell: এখানে কর্মচারীর মোবাইল নাম্বার লিখতে হবে।
- Class: এখানে কর্মচারীর শ্রেণী নির্বাচন করতে হবে।

## 8. Employee Emoluments:

personal information entry করার পর ব্যবহারকারীকে কর্মচারীর বেতন ভাতাদি এন্ট্রি করতে হয়।

(+)Employees Emoluments এ ক্লিক করলে নিম্নের স্ক্রীন প্রদর্শিত হয়। এখানে উল্লেখ্য যে (+) চিহ্ন টি থকা

মানে সেখানে ক্লিক করলে কিছু অপ্রদর্শিত তথ্য প্রদর্শিত হবে এবং (+)চিহ্ন টি (-) চিহ্নে পরিবর্তিত হবে। আর (-) তে ক্লিক করলে, নিম্নের প্রদর্শিত তথ্য অপ্রদর্শিত হয়ে যাবে।

### Employee Information Entry

+ Employee Basic Data

+ Banking Information

+ Personal Information

- Employee Emoluments

Is Officer  Yes  No

Economic	Amount		
Select From List ▼	<input type="text"/>	Add	Cancel
4794-Cell Phone Allowance	400	Edit	Remove
4773-Educational Allowances	200	Edit	Remove
4717-Medical Allowance	700	Edit	Remove
4701-Dearness Allowance	6000	Edit	Remove
4501-Pay of Officers	33750	Edit	Remove

- Is officer : যদি কর্মকর্তা হয় তা হলে yes না হলে no তে ক্লিক করতে হবে।
- Economic code সিলেক্ট করে amount এর ঘরে amount লিখে “Add” বাটনে ক্লিক করতে হবে।যদি কোন এন্ট্রি ভুল হয় তাহলে Edit বাটনে ক্লিক করে এন্ট্রি সংশোধন করার পর “Update” বাটনে ক্লিক করতে হবে। আর যদি কোন সারি মুছে ফেলার প্রয়োজন হয় তাহলে সেই সারির “Remove” বাটনে ক্লিক করতে হবে।

“Remove” বাটনে ক্লিক করলে confirmation ম্যাসেজ আসবে।

### Confirmation



Remove this information?

Yes

No

Yes বাটনে ক্লিক করলে তথ্য স্থায়ী ভাবে মুছে যাবে।

#### ৫. Employees Other Deduction (Except GPF & Loans):

কর্মকর্তার বেতন ভাতাদি এন্ড্রি করার পর ব্যবহারকারীকে কর্মকর্তার অন্যান্য কর্তন (ভবিষ্যৎ তহবিলের অগ্রিম ও ঋণ ও অগ্রিম ব্যতিত) এন্ড্রি করতে হয়। (+) Employees other deduction (Except GPF & loans) এ ক্লিক করলে নিম্নের স্ক্রীন প্রদর্শিত হয়। এখানে উল্লেখ্য যে (+) চিহ্ন টি থকা মানে সেখানে ক্লিক করলে কিছু অপ্রদর্শিত তথ্য প্রদর্শিত হবে এবং (+) চিহ্ন টি (-) চিহ্নে পরিবর্তিত হবে। আর (-) তে ক্লিক করলে, নিম্নের প্রদর্শিত তথ্য অপ্রদর্শিত হয়ে যাবে।

+ Employee Emoluments

- Employees Other Deduction (Except GPF & Loans)

Start Period [\*]:  ▼

Coding Block	Amount		
<input type="text" value="Select From List"/> ▼	<input type="text"/>	<input type="button" value="Add"/>	<input type="button" value="Cancel"/>
6-42052762-8261-Titas Gas Bill Receipt	650	<input type="button" value="Edit"/>	<input type="button" value="Remove"/>
1-32370000-2127-Recoveries on Accounts of Municipal Tax	10	<input type="button" value="Edit"/>	<input type="button" value="Remove"/>
1-32370000-2123-Recoveries on Accounts of Water & Sewerage	60	<input type="button" value="Edit"/>	<input type="button" value="Remove"/>
1-32370000-2111-Rentals - Residential	2306.25	<input type="button" value="Edit"/>	<input type="button" value="Remove"/>

+ Photo

+ Signature

- Start Period: এখানে কর্তন শুরুর মাসটি নির্বাচন করতে হবে।
- Coding Block সিলেক্ট করে amount এর ঘরে amount লিখে “Add” বাটনে ক্লিক করতে হবে। যদি কোন এন্ড্রি ভুল হয় তাহলে Edit বাটনে ক্লিক করে এন্ড্রি সংশোধন করার পর “Update” বাটনে ক্লিক করতে হবে। আর যদি পুরো এন্ড্রি মুছে ফেলার প্রয়োজন হয় তাহলে “Remove” বাটনে ক্লিক করতে হবে।

## ৬. Photo:

এই স্ক্রিনটি ব্যবহার করে কর্মচারীর ছবি আপলোড করা যায়।

**- Photo**



Size less than 512KB and recommended resolution width 300 pixel, height 240 pixel

User Image:  No file chosen

---

**+ Signature**

এক্ষেত্রে প্রথমে ছবি স্ক্যানিং করে কম্পিউটারের একটা নির্দিষ্ট ফাইলে রাখতে হবে, তারপর Choose File এ ক্লিক করে

নির্দিষ্ট ফাইলটাকে নির্বাচন করতে হবে।

Save

বাটনে ক্লিক করে ছবিটিকে সিস্টেম এ সংরক্ষণ করা হয়।

Employees Photo Entry করার পর ব্যবহারকারীকে কর্মচারীর স্বাক্ষর সংযোজন করতে হবে। (+) Signature

এ ক্লিক করলে নিম্নের স্ক্রীন আসবে। এখানে উল্লেখ্য যে (+) চিহ্ন টি থকা মানে সেখানে ক্লিক করলে কিছু অপ্রদর্শিত তথ্য প্রদর্শিত হবে এবং (+) চিহ্ন টি (-) চিহ্নে পরিবর্তিত হবে। আর (-) তে ক্লিক করলে, নিম্নের প্রদর্শিত তথ্য অপ্রদর্শিত হয়ে যাবে।

**+ Photo**

---


**- Signature**



Size less than 512KB and recommended resolution width 400 pixel, height 240 pixel

User Signature:  No file chosen

এক্ষেত্রে প্রথমে স্ক্যানিং করে কম্পিউটারের একটা নির্দিষ্ট ফাইলে রাখতে হবে, তারপর Choose File এ ক্লিক করে নির্দিষ্ট ফাইলটাকে নির্বাচন করতে হবে।  বাটনে ক্লিক করে ছবিটিকে সিস্টেম এ সংরক্ষণ করা যায়। এরপর সেভ বাটনে ক্লিক করলে গ্রীডে “ Information Saved Successfully” ম্যাসেজ আসবে এবং “Ok” বাটনে ক্লিক করতে হবে।




### ২.৩ কর্মচারী অনুমোদন (Employee Approval):

Employee Approval	
National ID [*]:	00313100501
	
TIN :	
Name of the Employee (English) [*]:	HASINA BEGUM
Name of the Employee (Bangla) [*]:	nvwQbv teMg
Joining Date [*]:	01/01/2001
Present Address [*]:	
Permanent Address [*]:	
Email [*]:	
Office Phone :	01797518509
Cell :	01797518509
	

কর্মচারীর জাতীয় পরিচয় পত্রের আইডি টাইপ করে “GO” বাটনে ক্লিক করলে স্বয়ংক্রিয়ভাবে টি আই এন, কর্মচারীর নাম (ইংরেজিতে, বাংলায়), যোগদানের তারিখ , ঠিকানা (বর্তমান , স্থায়ী ), ই- মেল , অফিস ফোন এবং মোবাইল নাম্বার প্রদর্শিত হবে ।

Approve বাটনে ক্লিক করলে নিম্নের স্ক্রিন দেখা যাবে এবং এখান থেকে "OK" বাটনে ক্লিক করলে কর্মচারী অনুমোদন হয়ে যাবে। শুধুমাত্র অনুমোদিত কর্মচারীকে সক্রিয় করা যাবে। আর সক্রিয় করা না গেলে সেই কর্মচারীর কোন লেনেদেন করা যাবে না।



## ২.৪ কর্মচারী সক্রিয়করণ (Employee Activation):

কর্মচারী অনুমোদন করার পর উক্ত কর্মচারীকে সক্রিয় করতে হয়। একবার সক্রিয় করা হয়ে গেলে ঐ কর্মচারীর কোন তথ্য পরিবর্তন করা যায় না। আর সক্রিয় করা না গেলে সেই কর্মচারীর কোন লেনেদেন করা যাবে না।


এক্ষেত্রে নিম্নের কাজগুলো করা হয়:

কর্মচারীর জাতীয় পরিচয় পত্রের আইডি টাইপ করে  বাটনে ক্লিক করলে স্বয়ংক্রিয় ভাবে টি আই এন, কর্মচারীর নাম (ইংরেজিতে, বাংলায়), যোগদানের তারিখ, ঠিকানা (বর্তমান, স্থায়ী), ই-মেইল, অফিস ফোন এবং মোবাইল নাম্বার প্রদর্শিত হবে (চিত্র-১)।

Employee Activation	
National ID [*]:	<input type="text" value="00313100501"/>
	<input type="button" value="Go"/>
TIN :	<input type="text"/>
Name of the Employee (English) [*]:	<input type="text" value="HASINA BEGUM"/>
Name of the Employee (Bangla) [*]:	<input type="text" value="nvwQbv †eMg"/>
Joining Date [*]:	<input type="text" value="01/01/2001"/>
Present Address [*]:	<input type="text"/>
Permanent Address [*]:	<input type="text"/>
Email [*]:	<input type="text"/>
Office Phone :	<input type="text" value="01797518509"/>
Cell :	<input type="text" value="01797518509"/>
	<input type="button" value="Activate"/>

(চিত্র-১)

Activate বাটনে ক্লিক করতে হবে। Activate বাটনে ক্লিক করলে নিম্নের স্ক্রিনের মতো ম্যাসেজ প্রদর্শিত হয় এবং “OK” বাটনে ক্লিক করলে কর্মচারী একটিভ হয়।




## ২.৫ কর্মচারী নিষ্ক্রিয় করন (Employee Deactivation):

এই স্ক্রিনের মাধ্যমে কর্মচারী নিষ্ক্রিয় করা হয়। নিম্নে এ স্ক্রিনের বিস্তারিত বর্ণনা করা হলোঃ

Employee Deactivation	
National ID [*]:	<input type="text" value="00313100551"/>
	<input type="button" value="Go"/>
TIN :	<input type="text" value="783571940201"/>
Name of the Employee (English) [*]:	<input type="text" value="HABIBUR RAHMAN"/>
Name of the Employee (Bangla) [*]:	<input type="text" value="nvweeyi ingvb"/>
Joining Date [*]:	<input type="text" value="10/12/2003"/>
Present Address [*]:	<input type="text"/>
Permanent Address [*]:	<input type="text"/>
Email [*]:	<input type="text"/>
Office Phone :	<input type="text" value="01817572190"/>
Cell :	<input type="text" value="01817572190"/>
	<input type="button" value="Deactivate"/>

কর্মচারীর জাতীয় পরিচয় পত্র / NID টাইপ করে  বাটনে ক্লিক করলে স্বয়ংক্রিয় ভাবে টি আই এন, এ্যামপ্লয়ীর নাম (ইংরেজিতে,বাংলায়),যোগদানের তারিখ , ঠিকানা (বর্তমান ,স্থায়ী ), ই- মেইল , অফিস ফোন এবং মোবাইল নাম্বার প্রদর্শিত হবে (চিত্র-১)। এরপর Deactivate বাটনে ক্লিক করতে হবে।Deactivate বাটনে ক্লিক করলে নিম্নের স্ক্রিন দেখা যাবে এবং এখান থেকে “OK” বাটনে ক্লিক করলে কর্মচারী নিষ্ক্রিয় হয়ে যাবে।



## ২.৬ কর্মচারী পুনঃ সক্রিয়করণ (Employee Reactivate)


এই স্ক্রিনের মাধ্যমে নিষ্ক্রিয় কর্মচারীকে পুনরায় সক্রিয় করা হয়। কর্মচারীর জাতীয় পরিচয় পত্র নাম্বার টাইপ করে **Go** বাটনে ক্লিক করলে স্বয়ংক্রিয় ভাবে টি আই এন, কর্মচারীর নাম (ইংরেজিতে, বাংলায়), যোগদানের তারিখ, ঠিকানা (বর্তমান, স্থায়ী), ই-মেইল, অফিস ফোন এবং মোবাইল নাম্বার প্রদর্শিত হবে (চিত্র-১)।

### Employee Reactivation

National ID [*]:	<input type="text" value="00313100551"/>
	<b>Go</b>
TIN :	<input type="text" value="783571940201"/>
Name of the Employee (English) [*]:	<input type="text" value="HABIBUR RAHMAN"/>
Name of the Employee (Bangla) [*]:	<input type="text" value="nvweeyi ingvb"/>
Joining Date [*]:	<input type="text" value="10/12/2003"/>
Present Address [*]:	<input type="text"/>
Permanent Address [*]:	<input type="text"/>
Email [*]:	<input type="text"/>
Office Phone :	<input type="text" value="01817572190"/>
Cell :	<input type="text" value="01817572190"/>
	<b>Reactivate</b>

(চিত্র-১)

Reactivate বাটনে ক্লিক করতে হবে। Reactivate বাটনে ক্লিক করলে নিম্নের স্ক্রিনের মতো ম্যাসেজ প্রদর্শিত হয় এবং “OK” বাটনে ক্লিক করলে কর্মচারী সক্রিয় হয়।



## ২.৭ আইবাস আইডি দিয়ে কর্মচারী অনুসন্ধান (Employee Search by iBAS ID):

এই স্ক্রিনের মাধ্যমে এ্যামপ্লয়ীর IBAS আইডি দিয়ে কর্মচারীর জাতীয় পরিচয় পত্র নাম্বার, এ্যামপ্লয়ীর নাম (ইংরেজিতে,বাংলায়), পদমর্যাদা, জি পি এফ অ্যাকাউন্টনম্বার তথ্য বের করা যায়। এক্ষেত্রে IBAS আইডি টাইপ করে



বাটনে ক্লিক করতে হয়।

আইবাস আইডি সবারই জানা। কোন কোন ক্ষেত্রে যেমন জিলা বা উপজিলা হিসাব রক্ষন অফিসের অধীনে কর্মচারীদের জাতীয় পরিচয় পত্র নাম্বার পাওয়া যায় না। সেক্ষেত্রে আইবাস আইডি অনুসন্ধানের ক্ষেত্রে সহায়ক হবে।

### Employee Search by iBAS ID

iBAS ID : 3100437

National ID : 2696653254037

Name (English): **A B M SIRAJUL HAQ**

Name (bangla) : **এ বি এম সিরাজুল হক**

Designation : **Deputy Secretary**

GPF A/C No : **DAO/NAOGAOW/ ADMIN/ 156**

## ২.৮ সরবরাহকারীর তথ্য এন্ট্রি (Supplier Information Entry)

এই স্ক্রিনের মাধ্যমে সরবরাহকারীর যাবতীয় তথ্য সিস্টেমে অন্তর্ভুক্ত করা হয়।

এই স্ক্রিনের ২ টি আংশ থাকেঃ

### ১. Supplier Basic Data

### ২. Banking Information

#### ১. Supplier Basic Data

- NID, TIN, VAT No, Mobile যে কোন একটি অপশন নির্বাচন করতে হবে।
- এরপর  বাটনে ক্লিক করতে হবে।
- Name of Supplier (English) : ইংরেজিতে সরবরাহকারীর নাম টাইপ করতে হবে।
- Name of Supplier (Bengla) : বাংলায় সরবরাহকারীর নাম টাইপ করতে হবে।
- Address : এখানে সরবরাহকারীর ঠিকানা টাইপ করতে হবে।
- E-mail: ই-মেইল এড্রেস টাইপ করতে হবে।
- Telephone: এখানে সরবরাহকারীর টেলিফোন নাম্বার টাইপ করতে হবে।
- Cell Phone: এখানে সরবরাহকারীর মোবাইল নাম্বার টাইপ করতে হবে।
- Fax : এখানে সরবরাহকারীর ফ্যাক্স নাম্বার টাইপ করতে হবে।

**Supplier Information Entry****Supplier's Basic Data** NID  TIN  VAT No  Mobile

Suppliers TIN :	2191011835
	<input type="button" value="Go"/>
TIN :	2191011835
National ID :	
Trade License No :	
VAT Registration No :	9011080243
Name of the Supplier (English) [*] :	Alam Brothers
Name of the Supplier (Bangla) [*] :	Alam Brothers
Address [*] :	140 Ali Ghore House Dhaka
Email [*] :	raisa.sumon@yahoo.com
Telephone [*] :	9568237
Cell Phone :	9553556
Fax :	88029560817

**+ Banking Information**

TIN	National ID	Name of the supplier(English)
234	768	mr x
0712001474		The Daily Star
2191011835		Alam Brothers

## ২. Banking Information

সরবরাহকারীর মূল তথ্য এন্ট্রি করার পর ব্যবহারকারীকে সরবরাহকারীর ব্যাংকিং তথ্য এন্ট্রি করতে হয়। (+)banking information এ ক্লিক করলে নিম্নের স্ক্রিন আসবে। এখানে উল্লেখ্য যে (+) চিহ্ন টি থকা মানে সেখানে ক্লিক করলে কিছু অপ্রদর্শিত তথ্য প্রদর্শিত হবে এবং (+)চিহ্ন টি (-) চিহ্নে পরিবর্তিত হবে। আর (-) তে ক্লিক করলে, নিম্নের প্রদর্শিত তথ্য অপ্রদর্শিত হয়ে যাবে।

**Supplier Information Entry**

**+ Supplier's Basic Data**

**- Banking Information**

Bank Account Name : National Credit and Commerce Bank Ltd.

Bank Account Number : 0031-0210000204

Bank Account Type : Current account

Bank Name : NCC BANK LTD.

Branch Name : MOTIJHEEL

Save Cancel


TIN	National ID	Name of the supplier(English)
234	768	mr x
0712001474		The Daily Star
2191011835		Alam Brothers

<< < 1 > >>

- Bank account name: এখানে সরবরাহকারীর ব্যাংকে অ্যাকাউন্ট এ যে নাম দেওয়া আছে সেই নাম লিখতে হবে ।
- Bank account number: এখানে সরবরাহকারীর অ্যাকাউন্ট নাম্বার টাইপ করতে হবে ।
- Bank account type: এখানে সরবরাহকারীর অ্যাকাউন্ট এর ধরণ নির্বাচন করতে হবে ।
- Bank name: এখানে সরবরাহকারীর ব্যাংকের নাম নির্বাচন করতে হবে ।
- Branch name: এখানে সরবরাহকারীর ব্যাংকের শাখার নাম নির্বাচন করতে হবে ।

Save

বাটনে ক্লিক করলে নিম্নের মতো একটি ম্যাসেজ প্রদর্শিত হবে এবং "OK" বাটনে ক্লিক করতে হবে।



OK

বাটনে ক্লিক করলে সকল তথ্য সংরক্ষিত হবে এবং নিম্নের টেবিলে তা প্রদর্শিত হবে । এখান থেকে যে কোন সরবরাহকারীর উপর ক্লিক করলে উক্ত সরবরাহকারীর সকল তথ্য এন্ট্রি স্ক্রিনে দেখাবে । যদি কোন তথ্য সংশোধন করার প্রয়োজন হয় , তাহলে সংশোধন করে পুনরায় Save বাটনে ক্লিক করে আপডেট করতে হয় ।

## ২.৯ সরবরাহকারী সক্রিয়করণ (Supplier activation):

এ স্ক্রিনের মাধ্যমে সরবরাহকারী সক্রিয় করা হয় ।

## Supplier Activation

### Supplier's Basic Data

NID  TIN  VAT No  Mobile

Suppliers TIN : 2191011835

Go

TIN : **2191011835**

National ID :

Trade License No :

VAT Registration No : **9011080243**

Name of the Supplier (English) : **Alam Brothers**

Name of the Supplier (Bangla) : **Alam Brothers**

Address : **140 Ali Ghore House Dhaka**

Email : **raisa.sumon@yahoo.com**

Telephone : **9568237**

Cell Phone : **9553556**

Fax : **88029560817**

### Banking Information

Bank Account Name : **National Credit and Commerce Bank Ltd.**

Bank Account Number : **0031-0210000204**


Bank Account Type : **Current account**

Bank Name : **NCC BANK LTD.**

Branch Name :

Activate

NID,TIN,VAT NO,Mobile যে অপশন সিলেক্ট করে সরবরাহকারী এন্ট্রি করা হয়েছে , তা নির্বাচন করতে হবে এবং নিম্নের ঘরে তার নম্বার টাইপ করে “GO” বাটনে ক্লিক করলে স্বয়ংক্রিয় ভাবে সকল তথ্য প্রদর্শিত হবে । এরপর “Activate” বাটনে ক্লিক করতে হবে এবং নিম্নের স্ক্রিনের মতো ম্যাসেজ প্রদর্শিত হবে এবং “OK” বাটনে ক্লিক করলে সরবরাহকারী সক্রিয় হবে।



## ২.১০ অবসরভোগীর তথ্য (Pensioner information):

এই স্ক্রিনের মাধ্যমে অবসরভোগীর তথ্য এন্ট্রি করা হয়।

এই স্ক্রিনের ৫ টি আংশ থাকে:

১. Pensioner Basic Data
২. Economic Code & Amount
৩. Banking Information
৪. Personal Information
৫. Photo

### ১. Pensioner Basic Data:

এখানে একজন অবসরভোগীর মূল তথ্য গুলো এন্ট্রি করা হয়ে থাকে।

- National ID:এখানে একজন অবসরভোগীর National ID লিখতে হবে।
- Type of pension:এখানে অবসরভোগী টি কোন ধরনের সেটা নির্বাচন করতে হবে।
- PPO Issued From Pay point:এখানে স্বয়ংক্রিয়ভাবে তথ্য থাকবে।
- PPO No:এখানে একজন অবসরভোগীর এর পিপিও নাম্বার লিখতে হবে।
- PPO Issue Date:এখানে একজন অবসরভোগীর PPO Issue Date লিখতে হবে।
- TIN :এখানে একজন অবসরভোগীর TINnumber লিখতে হবে।
- Name of the Pensioner (English): এখানে অবসরভোগীর নাম ইংরেজিতে লিখতে হবে।
- Name of the Pensioner(bangla): এখানে অবসরভোগীর নাম বাংলায় লিখতে হবে।
- Current Attached pay point:এখানে অটোমেটিক সেট থাকবে।
- Commencement Date:এখানে Commencement Date লিখতে হবে।

**Pensioner Information**

**Pensioner Basic Data**

National ID [\*]: 00312000017

Type Of Pension[\*]:  Superannuation  Retiring  Invalid  Compensation  Family

PPO Issued From PayPoint [\*]: Chief Accounts Office, Ministry of Labour and Employment

PPO No [\*]: caolabour/17

PPO Issue Date [\*]: 01/01/2001

TIN :

Name of the Pensioner (English) [\*]: Anil Chandra Kor

Name of the Pensioner (Bangla) [\*]: Anil Chandra Kor

Current Attached Pay Point [\*]: Chief Accounts Office, Ministry of Labour and Employment

Commencement Date [\*]: 01/01/2001

Last Designation [\*]: Yet to define

Organisation [\*]: 310100010000

Organisation Name: Secretariat

Sanction OrderNo [\*]: 0000

Sanction Date [\*]: 01/01/2003

Sanction Authority [\*]: Assistant Accounts Officer, MoL

Self :

Payment Start From [\*]: 04-October 2015

- Last Designation:এখানে অবসরভোগীর সর্বশেষ Designation লিখতে হবে।
- Organisation: এখানে অবসরভোগী যে প্রতিষ্ঠানের অধীনে শেষ কাজ করেছেন তার code লিখতে হবে।
- Organisation name: organisation codeএ ক্লিক করলে স্বয়ংক্রিয়ভাবে প্রতিষ্ঠানের নাম চলে আসবে।
- Sanction Order No:এখানে মঞ্জুরী আদেশ নাম্বার লিখতে হবে।
- Sanction Date:এখানে মঞ্জুরীর তারিখ লিখতে হবে।
- Sanction authority:এখানে মঞ্জুরীর কতৃপক্ষ নির্বাচন করতে হবে।
- Self: এখানে ক্লিক করতে হবে (যদি নিজে অবসরভোগী হয়ে থাকেন)।
- Payment Start From: এখানে অবসর ভাতা শুরুর মাস নির্বাচন করতে হয়।

## ২. Economic Codes and Amount:

Pensioner Basic Data এন্ট্রি করার পর ব্যবহারকারীকে অর্থনৈতিক কোড এবং অর্থের পরিমাণ এন্ট্রি করতে হয়।

(+) Economic Codes and Amount এ ক্লিক করলে নিম্নের স্ক্রিন প্রদর্শিত হয়।

**Pensioner Information**

**+ Pensioner Basic Data**

**- Economic Codes & Amount**

Gross Pension Surrender  Full  Half

Economic	Amount		
Select From List		Add	Cancel
6341 - Medical Allowance to Pensioners	700	Edit	Remove
6303 - Dearness Allowance for Pensioners	1440	Edit	Remove
6301 - Pensions and Family Pensions	7200	Edit	Remove

**+ Banking Information**

- Gross Pension Surrender: এখানে Full/Half একটি বিকল্প নির্বাচন করতে হয়।
- Economic: এখানে অর্থনৈতিক কোড নির্বাচন করতে হয়।
- Amount: এই ঘরে টাকার আংক লিখে **Add** বাটনে ক্লিক করে এন্ট্রি করা যায়।
- **Add** বাটনে ক্লিক করলে প্রতিটি এন্ট্রি নিম্নের আংশে প্রদর্শিত হবে।
- এন্ট্রি করার সময় কোন ভুল হলে **Cancel** বাটনে ক্লিক করে সঠিক করা হয়।
- এন্ট্রিকৃত তথ্যের কোন পরিবর্তন করতে হলে **Edit** বাটনে ক্লিক করে আপডেট করা হয়।

## ৩. Banking Information:

- অর্থনৈতিক কোড এবং অর্থের পরিমাণ করার পর ব্যবহারকারীকে ব্যাংকের তথ্য এন্ট্রি করতে হয়। (+) Banking information এ ক্লিক করলে নিম্নের স্ক্রিন প্রদর্শিত হয়।
- Bank account name: ব্যাংকের হিসাবে যে নাম দেওয়া আছে সেই নাম লিখতে হয়।
- Bank account number: ব্যাংকের হিসাব নাম্বার টাইপ করতে হয়।
- Bank account type: হিসাবের ধরন নির্বাচন করতে হয়।
- Bank name: এখানে ব্যাংকের নাম নির্বাচন করতে হয়।
- Branch name: এখানে ব্যাংকের শাখার নাম নির্বাচন করতে হয়।

## 8. Personal Information:

Banking information এন্ট্রি করার পর ব্যবহারকারীকে ব্যক্তিগত তথ্য এন্ট্রি করতে হয়। (+) personal information এ ক্লিক করলে নিম্নের স্ক্রিন প্রদর্শিত হয়।

### Pensioner Information

- + Pensioner Basic Data
- + Economic Codes & Amount
- + Banking Information
- Personal Information

Gender [\*]:  Male  Female

Date of Birth [\*]:

Religion [\*]:  ▼

Marital Status [\*]:  ▼

Permanent Address [\*]:

Present Address [\*]:  (Same as Permanent Address)

Cell :

Email :

Identification Mark:

Height:

End Date(If not Wife/Handicapi) :

+ Photo

Save Cancel

- Gender: এখানে অবসরভোগীর লিঙ্গ নির্বাচন করতে হয়।
- Date of birth: এখানে জন্ম তারিখ টাইপ করতে হয়।
- Religion: এখানে অবসরভোগী যে ধর্মের আনুসারি সেই ধর্ম নির্বাচন করতে হয়।
- Marital status: এখানে অবসরভোগীর বৈবাহিক আবস্থা নির্বাচন করতে হয়।
- Permanent address: এখানে স্থায়ী ঠিকানা টাইপ করতে হয়।
- Present address: এখানে বর্তমান ঠিকানা টাইপ করতে হয়।
- Cell: এখানে মোবাইল নাম্বার টাইপ করতে হয়।
- Email: এখানে ই-মেইল এড্রেস টাইপ করতে হয়।
- Identification Mark: এখানে সনাক্তকরন চিহ্ন টাইপ করতে হয়।
- Height: এখানে অবসরভোগীর উচ্চতা টাইপ করতে হয়।

## ৫. Photo:

ব্যক্তিগত তথ্য এন্ট্রি করার পর ব্যবহারকারীকে অবসরভোগীর ছবি যুক্ত করতে হবে। (+) photo এ ক্লিক করলে নিম্নের স্ক্রিন আসবে।

### Pensioner Information


- + Pensioner Basic Data
- + Economic Codes & Amount
- + Banking Information
- + Personal Information
- Photo



Size less than 512KB and recommended resolution width 300 pixel, height 240 pixel

User Image:  No file chosen

Choose File থেকে ছবি নির্বাচন করতে হয়। এরপর সেভ বাটনে ক্লিক করে সমস্ত তথ্য সংরক্ষণ করা হয়। সেভ বাটনে ক্লিক করলে নিম্নের মতো একটি ম্যাসেজ প্রদর্শিত হয় এবং ওকে বাটনে ক্লিক করতে হয়।



## ২.১১ অবসরভোগী নিষ্ক্রিয়করণ (Pensioner Deactive):

যদি কোন অবসরভোগীকে নিষ্ক্রিয় করতে চান তাহলে এ স্ক্রিনের মাধ্যমে কাজ করতে হবে। নিম্নে এ স্ক্রিনের কাজগুলো আলোচনা করা হল।

## PensionerDeactive

National ID [\*]: 003120000137

Go

Name of the Pensioner (English): **Md.Tara Mia**

Name of the Pensioner(Bangla) : **শে.ভারা মিয়া**

Present Address : **Maslishpur,Bi-bariea**

Permanent Address : **Maslishpur,Bi-bariea**

Email :

Cell Phone :

Deactive

Cancel

Pensioner এর National ID দিয়ে “GO” বাটনে ক্লিক করলে স্বয়ংক্রিয় ভাবে নিম্নের তথ্য সমূহ চলে আসবে এবং Deactivate বাটনে ক্লিক করতে হবে। Deactivate বাটনে ক্লিক করলে নিম্নের স্ক্রিন দেখা যাবে এবং এখান থেকে “OK” বাটনে ক্লিক করতে হবে।

### Information



Information Saved Successfully.

OK

## ২.১২ আয়ন-ব্যয়ন কর্মকর্তার তথ্য (DDO Information):

এ স্ক্রীনের মাধ্যমে আয়ন-ব্যয়ন কর্মকর্তার তথ্য এন্ট্রি করা হয়। এক্ষেত্রে নিম্নের ধাপগুলো অনুসরণ করা হয়। (+) DDO Basic Information এখানে ক্লিক করলে নিম্নের স্ক্রিনটি প্রদর্শিত হয়।

এই স্ক্রিনের ২ টি আংশ থাকে :

১. DDO Basic Information

২. Banking Information

<b>- DDO Basic Information</b>		
Pay Point [*]:	Chief Accounts Office, Ministry of Labour and Employment	
Organisation Code [*]:	310100010000	GO
Organisation Name [*]:	Secretariat	
DDO [*]:	AUDIT AND ACCOUNTS OFFICER(DO	Go
EFT Ceiling [*]:	10000000000	
No. Of Staff [*]:	10	
Present Address [*]:	Dhaka	
Email [*]:	D@gmail.com	
Office Phone [*]:	831101	
Cell [*]:	831101	

<b>- Banking Information</b>		
Bank Account Name [*]:	Audit & Account Officer	
Bank Account Number [*]:	11111	
Bank Account Type [*]:	Savings account	▼
Bank Name [*]:	Sonali Bank	▼
Branch Name [*]:	AGLA, DHAKA	▼
Routing No: 200270164		
Save	Cancel	

১. DDO Basic Information:

নিম্নে আয়ন-ব্যয়ন কর্মকর্তার মূল তথ্য এন্ট্রির বিস্তারিত বর্ণনা প্রদত্ত হোল :

- Pay Point: আপনি যে হিসাবরক্ষণ অফিসের ব্যবহারকারী, এই ঘরে তা স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত থাকে।

- Organisation Code:এখানে অফিস কোড লেখে "GO" বাটনে ক্লিক করতে হয় এবং স্বয়ংক্রিয়ভাবে অফিসের নাম প্রদর্শিত হয় ।
- DDO: আপনি যে হিসাবরক্ষণ অফিসের ব্যবহারকারী সেই অফিস সংশ্লিষ্ট DDO (আয়ন-ব্যয়ন কর্মকর্তা)/ কর্মকর্তার তালিকা প্রদর্শিত হবে। আপনি সেই তালিকা থেকে আপনার প্রযোজ্য ডিডিও নির্বাচন করুন।
- EFT Celling: এখানে ই এফ টি সিলিং এন্ট্রি করতে হয় ।
- No Of Staff : এখানে আয়ন-ব্যয়ন কর্মকর্তার আধিনস্থ কর্মচারির সংখ্যা এন্ট্রি করতে হয় ।
- Present Address: আয়ন-ব্যয়ন কর্মকর্তার বর্তমান ঠিকানা এন্ট্রি করতে হয় ।
- E-mail: এখানে ই-মেইল টাইপ করা হয় ।
- Office Phone এখানে অফিস ফোন টাইপ করা হয় ।
- Cell: এখানে মোবাইল নাম্বার টাইপ করা হয় ।

## ২. Banking Information:

নিম্নে আয়ন-ব্যয়ন কর্মকর্তার ব্যাংকিং তথ্য এন্ট্রির বিস্তারিত বর্ণনা প্রদত্ত হল :

- Bank account name: এখানে আয়ন-ব্যয়ন কর্মকর্তার ব্যাংকে অ্যাকাউন্ট এ যে নাম দেওয়া আছে সেই নাম লিখতে হবে ।
- Bank account number: এখানে আয়ন-ব্যয়ন কর্মকর্তার অ্যাকাউন্ট নাম্বার টাইপ করতে হবে ।
- Bank account type: এখানে আয়ন-ব্যয়ন কর্মকর্তার অ্যাকাউন্ট টাইপ নির্বাচন করতে হবে ।
- Bank name: এখানে আয়ন-ব্যয়ন কর্মকর্তার ব্যাংকের নাম নির্বাচন করতে হবে ।
- Branch name: এখানে আয়ন-ব্যয়ন কর্মকর্তার ব্যাংকের শাখার নাম নির্বাচন করতে হবে ।

Save

বাটনে ক্লিক করলে সকল তথ্য সংরক্ষিত হবে।

## ৩ টোকেন

হিসাবরক্ষণ অফিসের ক্যাশ শাখা কর্তৃক বিল গ্রহন এবং বিলের বিপরীতে টোকেন ইস্যু করা হয়। টোকেন ইস্যু এবং বিলের প্রাথমিক তথ্য এন্ট্রির জন্য এই মেনুটি ব্যবহার করা হয়।

Accounting Transaction মূল মেনু থেকে Token সাব মেনুর মধ্যে Token Entry সাব মেনু (চিত্র ১) ক্লিক করলে টোকেন এন্ট্রি (Token Entry) স্ক্রিনটি প্রদর্শিত হয়।



চিত্র ১ : টোকেন এন্ট্রি (Token Entry)

### ৩.১ বেতন বিলের জন্য টোকেন এন্ট্রি (Token Entry for Paybill – Gazetted):

হিসাব রক্ষণ অফিসের ক্যাশ শাখা কর্তৃক বেতন বিল গ্রহন এবং বিলের বিপরীতে টোকেন ইস্যু করা হয়। বেতন বিলের টোকেন ইস্যু এবং বিলের প্রাথমিক তথ্য এন্ট্রির জন্য এই মেনুটি ব্যবহার করা হয়।

Accounting Transaction মূল মেনু থেকে Token সাব মেনুর মধ্যে Token for Paybill সাব মেনু (চিত্র ১) ক্লিক করলে বেতন বিলের জন্য টোকেন এন্ট্রি (Token for Pay Bill) স্ক্রিনটি প্রদর্শিত হয়(চিত্র-২)।



চিত্র ১ : বেতন বিলের জন্য টোকেন এন্ট্রি (Token for Paybill (Gazetted)) মেনু

## Token For Pay Bill

### Token Entry For PayBill Selection

Pay Point : Chief Accounts Office, Ministry of Labour and Employment

Ministry :	Select Ministry	▼
DDO :	Select DDO	▼
Office Code :		
Office Name :		
Document Type :	Pay Bill for Officers	▼
Payee Type :	Officer	▼
Fiscal Year :	2015-16	▼
Month of Salary :	Select Month	2015-16
Concerned Section :	Bill Section	▼
<input type="button" value="Go"/>		

### চিত্র ২ : Token for Paybill (Gazetted)

নিম্নে Token for Pay Bill স্ক্রিন ব্যবহারের বর্ণনা প্রদত্ত হলো:

- PayPoint: আপনি যে হিসাবরক্ষণ অফিসের ব্যবহারকারী, এই ঘরে তা স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত থাকে।
- Ministry: যে মন্ত্রণালয়ের টোকেন এন্ট্রির জন্য আপনার অনুমতি আছে সেই মন্ত্রণালয় / মন্ত্রণালয় সমূহের তালিকা থাকে। আপনি সেখান থেকে বিলে উল্লেখিত মন্ত্রণালয়টি নির্বাচন করুন।
- DDO : আপনি যে হিসাবরক্ষণ অফিসের ব্যবহারকারী এবং আপনি যে মন্ত্রণালয় নির্বাচন করেছেন সেই অফিস ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট DDO (আয়ন-ব্যয়ন কর্মকর্তা)/ কর্মকর্তার তালিকা প্রদর্শিত হবে। আপনি সেই তালিকা থেকে আপনার প্রয়োজ্য ডিডিও নির্বাচন করুন।
- Office Code: আপনি যে DDO (আয়ন-ব্যয়ন কর্মকর্তা) নির্বাচন করবেন সেই অফিস কোড প্রদর্শিত হবে।
- Office Name: আপনি যে আয়ন-ব্যয়ন কর্মকর্তা নির্বাচন করবেন সেই অফিসের নাম প্রদর্শিত হবে।
- Document Type : তালিকা হতে বিলের ধরণ কি তা নির্বাচন করুন। যেমন : Pay Bill for Officer।
- Payee Type : Document Type তালিকা হতে বিলের ধরন নির্বাচন করা হলে Payee Type স্বয়ংক্রিয়ভাবে তালিকাতে প্রদর্শিত হবে। যেমন: Document Type যদি Pay Bill for Officer হয়, Payee Type স্বয়ংক্রিয়ভাবে Officer নির্বাচিত হয়।
- FiscalYear: যে বছরের টোকেন এন্ট্রি চলছে, এই ঘরে তা স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত থাকে।
- Month: তালিকা হতে মাস নির্বাচন করুন।
- Concerned Section: যে শাখায় বিলটি পাঠানো হয় সেটি নির্বাচন করুন।

আইবাস ++ এ সংরক্ষিত কর্মকর্তাগণের তথ্য থেকে তাদের জন্য স্বয়ংক্রিয়ভাবে বেতন বিলের তথ্য প্রস্তুত হয়ে থাকে। উক্ত তথ্যের ভিত্তিতে এই স্ক্রিনে টেকেন এন্ট্রি করা যায়। অফিস, বেতনের মাস ইত্যাদি নির্বাচন করা হলে উক্ত অফিসের যে সকল কর্মকর্তার উক্ত মাসে বেতন প্রদান করা হয় নাই, তাদের তালিকা ও নীট বেতনের পরিমাণ দেখা যাবে, তবে প্রয়োজনে প্রদর্শিত নীট বেতন পরিবর্তনও করা যাবে। Save বাটনে চাপ দিলে টেকেনটি এন্ট্রি হবে।

**Token For Pay Bill**

- **Token Entry For PayBill Selection**

Pay Point: **Chief Accounts Office, Ministry of Labour and Employment**

Ministry: 31-Ministry of Labour and Employment ▼

DDO: 310100010000-Accounts Officer, Ministry of L ▼

Office Code: 310100010000

Office Name: Secretariat

Document Type: Pay Bill for Officers ▼

Payee Type: Officer ▼

Fiscal Year: 2015-16 ▼

Month of Salary: 08-February 2016 ▼

Concerned Section: Bill Section ▼

Go

- **Detail Data**

Payee Name	NID No	Designation	Net Amount	Token Number	
B.M.ENAMUL HAQUE	19592694262689242	JOINT SECRETARY	75485.00		<span style="background-color: #4a7ebb; color: white; padding: 2px 5px; border: none; cursor: pointer;">Save</span>
DR. MD ALFAZ HOSSAIN	19642694807825147	DEPUTY SECRETARY	60885.00		<span style="background-color: #4a7ebb; color: white; padding: 2px 5px; border: none; cursor: pointer;">Save</span>
DR. MD REZAUL HAQUE	19634824902308784	JOINT SECRETARY	75135.00		<span style="background-color: #4a7ebb; color: white; padding: 2px 5px; border: none; cursor: pointer;">Save</span>

চিত্র ৩ : Token for Token for Pay Bill

